

রাজশাহী বিশ্ববিদ্যালয়: ভর্তি পরীক্ষা শুরু ১৬ জানুয়ারি, থাকছেনা সিলেকশন

রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৭:৫৭, ৬ অক্টোবর ২০২৫; আপডেট: ১৮:০১, ৬ অক্টোবর ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী বছরের জানুয়ারি মাসে ১৬ তারিখ শুরু হবে। প্রথমবারের মতো এবারের পরীক্ষায় সিলেকশন পদ্ধতি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর ফলে আবেদনকারী সকল যোগ্য শিক্ষার্থীই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

এবার রাজশাহীসহ দেশের মোট ছয়টি বিভাগীয় শহরে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। নতুন কেন্দ্র হিসেবে বারিশাল যোগ হয়েছে।

সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের কনফারেন্স কক্ষে ভর্তি উপ-কমিটির সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিষয়টি নিশ্চিত করেন উন্নসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক মো. আখতার হোসেন মজুমদার।

এ বিষয়ে অধ্যাপক আখতার হোসেন মজুমদার বলেন, ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও সময়সূচি প্রবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

দুপুরে জনসংযোগ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৬ জানুয়ারি শুক্রবার 'সি' ইউনিটের (বিজ্ঞান) পরীক্ষার মধ্য দিয়ে ভর্তি পরীক্ষা শুরু হবে। এরপর ১৭ জানুয়ারি শনিবার 'এ' ইউনিটের (মানবিক) এবং সবশেষে ২৪ জানুয়ারি শনিবার 'বি' ইউনিটের (বাণিজ্য) পরীক্ষা নেওয়া হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, প্রতিটি ইউনিটের পরীক্ষা দুটি শিফটে অনুষ্ঠিত হবে; প্রথমটি বেলা ১১টা থেকে দুপুর ১২টা এবং দ্বিতীয়টি দুপুর ৩টা থেকে বিকাল ৪টা পর্যন্ত।

এছাড়া, ভর্তিচ্ছুদের সুবিধা বিবেচনায় আগের কেন্দ্রগুলোর সাথে নতুন একটি কেন্দ্র বরিশাল যোগ করা হয়েছে। এবার রাজশাহী, ঢাকা, চট্টগ্রাম ও খুলনার পাশাপাশি রংপুর ও বরিশাল বিভাগীয় শহরেও ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবেন শিক্ষার্থীরা।

রাজু